
জুলাই-মার্চ, ২০১২-১৩ সময়কালে কৃষিভিত্তিক শিল্প ঋণের সার্বিক অবস্থার পর্যালোচনামূলক প্রতিবেদন

কৃষিভিত্তিক শিল্পে ঋণপ্রবাহ যথাযথভাবে তদারকি করার লক্ষ্যে দেশের সকল ব্যাংক থেকে কৃষিভিত্তিক শিল্পে ঋণ বিতরণ ও আদায় সম্পর্কিত তথ্য/বিবরণী সংগ্রহ করা হয়ে থাকে। সে মোতাবেক সংশ্লিষ্ট ব্যাংকসমূহ কর্তৃক ২০১২-২০১৩ অর্থবছরের জুলাই-মার্চ সময় শেষে দাখিলকৃত বিবরণীর ভিত্তিতে আলোচ্য প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে। ২০১২-২০১৩ অর্থবছরের ৩১ মার্চ ২০১৩ পর্যন্ত সংশ্লিষ্ট ব্যাংকসমূহের কৃষিভিত্তিক শিল্পে ব্যাংকওয়ারী ঋণ বিতরণ, বকেয়া ঋণ ও শ্রেণীবিন্যাসিত ঋণের অবস্থা নিম্নরূপ:

১. ঋণ বিতরণ

জুলাই-মার্চ, ২০১২-১৩ মেয়াদে কৃষিভিত্তিক শিল্পে ঋণ বিতরণের মোট পরিমাণ ছিল ১৫,৮৪৬.৩৬ কোটি টাকা, এর মধ্যে চলতি মূলধন ও মেয়াদী ঋণ বিতরণের পরিমাণ ছিল যথাক্রমে ১৩,৯৪৩.০২ কোটি টাকা এবং ১,৯০৩.৩৪ কোটি টাকা (চিত্র ১ দ্রষ্টব্য)। ২০১২-১৩ অর্থবছরের আলোচ্য জুলাই-মার্চ সময়ে কৃষিভিত্তিক শিল্পখাতে বিগত ২০১১-২০১২ অর্থবছরের জুলাই-মার্চ সময়ের তুলনায় মোট ঋণ ও চলতি মূলধন ঋণ বিতরণ যথাক্রমে ৪.৮২% ও ১০.১৮% বৃদ্ধি পেয়েছে তবে মেয়াদী ঋণ বিতরণ ২২.৭০% হ্রাস পেয়েছে।


চিত্র ১: বিতরণকৃত ঋণের তুলনামূলক চিত্র



	চলতি মূলধন	মেয়াদী ঋণ	মোট
২০১১-২০১২	১২,৬৫৫.২৫	২,৪৬২.২১	১৫,১১৭.৪৬
২০১২-২০১৩	১৩,৯৪৩.০২	১,৯০৩.৩৪	১৫,৮৪৬.৩৬

আলোচ্য সময়ে কৃষিভিত্তিক শিল্পে বিতরণকৃত মোট ১৫,৮৪৬.৩৬ কোটি টাকার মধ্যে রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহ ৩.৯৩%, বেসরকারী বাণিজ্যিক ব্যাংকসমূহ ৭০.৫৮%, বিদেশী ব্যাংকসমূহ ২২.৫৩%, এবং বিশেষায়িত ব্যাংক সমূহ ২.৯৬% বিতরণ করেছে। (চিত্র-২ দ্রষ্টব্য)


চিত্র ২: ব্যাংকের ধরণভেদে বিতরণকৃত ঋণ, জুলাই-মার্চ/২০১২-১৩



২. বকেয়া ঋণস্থিতি

জুলাই-মার্চ, ২০১২-১৩ মেয়াদ শেষে কৃষিভিত্তিক শিল্পখাতে মোট ঋণের বকেয়া স্থিতির পরিমাণ ২৩,৭৫৯.১১ কোটি টাকা। তন্মধ্যে, চলতি মূলধন খাতে বকেয়া ঋণস্থিতি ১৬,২৯৯.৮০ কোটি টাকা এবং মেয়াদী ঋণখাতে বকেয়া ঋণস্থিতি ৭,৪৫৯.৩১ কোটি টাকা। আলোচ্য ২০১২-২০১৩ অর্থবছরে কৃষিভিত্তিক শিল্পে বিগত ২০১১-২০১২ অর্থবছরের একই সময়ের তুলনায় মোট ঋণ, চলতি মুলধন ঋণ এবং মেয়াদী ঋণ এর বকেয়া স্থিতি যথাক্রমে ১৪.৯৯%, ১৩.১৪% এবং ১৯.২৫% হারে বৃদ্ধি পেয়েছে। (চিত্র ৩ দ্রষ্টব্য)


চিত্র ৩: বকেয়া ঋণ স্থিতির তুলনামূলক চিত্র



	চলতি মুলধন	মেয়াদী ঋণ	মোট
২০১১-২০১২	১৪,৪০৬.২০	৬,২৫৫.০৬	২০,৬৬১.২৬
২০১২-২০১৩	১৬,২৯৯.৮০	৭,৪৫৯.৩১	২৩,৭৫৯.১১

আলোচ্য সময়ে কৃষিভিত্তিক শিল্পে বকেয়া ঋণের রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক, বেসরকারি বাণিজ্যিক ব্যাংক, বিদেশী ব্যাংক ও বিশেষায়িত ব্যাংকসমূহের অংশীদারিত্ব যথাক্রমে ২৪.৮৯%, ৫২.৭৪%, ৭.৭১% এবং ১৪.৬৬%। (চিত্র-৪ দ্রষ্টব্য)

চিত্র ৪: ব্যাংকের ধরণভেদে বকেয়া ঋণ স্থিতি, জুলাই-মার্চ/২০১২-১৩




৩. শ্রেণীবিন্যাসিত ঋণ

জুলাই-মার্চ, ২০১২-১৩ সময় শেষে কৃষিভিত্তিক শিল্পখাতে মোট শ্রেণীবিন্যাসিত ঋণের পরিমাণ ১,৯৬০.৮০ কোটি টাকা। তন্মধ্যে, রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক সমূহের ৩৮.৯৩%, বেসরকারী বাণিজ্যিক ব্যাংকসমূহের ২৬.৯৫%, বিদেশী ব্যাংকসমূহের ১.৪২% এবং বিশেষায়িত ব্যাংকসমূহের ৩২.৭০%। (চিত্র ৫ দ্রষ্টব্য)

২০১১-২০১২ অর্থবছরে জুলাই-ডিসেম্বর মেয়াদ শেষে কৃষিভিত্তিক শিল্প ঋণের মোট শ্রেণীবিন্যাসিত ঋণের পরিমাণ ছিল ১,৬০২.১২ কোটি টাকা। এদিকে ২০১১-১২ অর্থবছরের জুলাই-ডিসেম্বর সময় শেষে কৃষিভিত্তিক শিল্প ঋণে শ্রেণীবিন্যাসিত ঋণের হার ছিল ৮.৩২% যা ২০১২-২০১৩ অর্থবছরের জুলাই-ডিসেম্বর সময় শেষে হ্রাস পেয়ে ৭.৬৬% হয়েছে।

চিত্র ৫: ব্যাংকের ধরণভেদে শ্রেণীবিন্যাসিত ঋণ, জুলাই-ডিসেম্বর/২০১২-১৩



ছক-১ এ ব্যাংকের ধরণ অনুযায়ী ২০১২-২০১৩ অর্থবছরের জুলাই-মার্চ সময়ে বকেয়া ঋণস্থিতির বিপরীতে শ্রেণীবিন্যাসিত ঋণের অবস্থা তুলে ধরা হয়েছে। উক্ত ছকে দেখা যায়, বিশেষায়িত ব্যাংক ও রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহের শ্রেণীবিন্যাসিত ঋণের হার যথাক্রমে ১৮.৪১% এবং ১২.৯১% যা অন্যান্য ব্যাংকসমূহের তুলনায় অত্যন্ত বেশী।

ছক ১: ঋণ স্থিতির বিপরীতে শ্রেণীবিন্যাসিত ঋণের অবস্থা


(কোটি টাকায়)

ব্যাকের ধরণ	বকেয়া ঋণ স্থিতি	শ্রেণীবিন্যাসিত ঋণ	শতকরা হার
রাষ্ট্রীয় মালিকানাধীন বানিজ্যিক ব্যাংক	৫,৯১২.৮১	৭৬৩.৪২	১২.৯১%
বেসরকারী বানিজ্যিক ব্যাংক	১২,৫৩১.০৪	৫২৮.৩৫	৪.২২%
বিদেশী ব্যাংক	১,৮৩১.৭৫	২৭.৮৬	১.৫২%
বিশেষায়িত ব্যাংক	৩,৪৮৩.৫১	৬৪১.১৭	১৮.৪১%
মোট	**২৩,৭৫৯.১১**	**১,৯৬০.৮০**	**৮.২৫%**

৪. সার্বিক অবস্থা

কৃষিভিত্তিক শিল্পঋণের বর্ণিত তথ্য হতে বিগত বছরের একই সময় অর্থাৎ ২০১১-২০১২ অর্থবছরের জুলাই-মার্চ এর সঙ্গে তুলনা করলে দেখা যায় বর্তমান অর্থবছরের জুলাই-মার্চ সময়ে বকেয়া ঋণস্থিতি ও ঋণ বিতরণ যথাক্রমে ১৪.৯৯% ও ৪.৮২% বৃদ্ধি পেয়েছে। এছাড়াও শ্রেণীবিন্যাসিত ঋণের হার ০.৩৮% বৃদ্ধি পেয়েছে। (চিত্র ৬ দ্রষ্টব্য)

চিত্র ৬: ২০১১-১২ এবং ২০১২-১৩ অর্থবছরে কৃষিভিত্তিক শিল্পঋণের তুলনামূলক চিত্র



	ঋণ বিতরণ	বকেয়া ঋণ স্থিতি	শ্রেণী বিন্যাসিত ঋণ
২০১১-২০১২	১৫,১১৭.৪৬	২০,৬৬১.২৬	১,৬২৫.৬৩
২০১২-২০১৩	১৫,৮৪৬.৩৬	২৩,৭৫৯.১১	১,৯৬০.৮০

২০১২-২০১৩ অর্থবছরে সকল ব্যাংক কর্তৃক কৃষিভিত্তিক শিল্পখাতে শ্রেণীকৃত ঋণের পর্যালোচনায় দেখা যায় সকল ব্যাংকসমূহের বকেয়া স্থিতির বিপরীতে শ্রেণীকৃত ঋণের গড় হার ৮.২৫%। ব্যাংকের ধরণের ভিত্তিতে শিল্পঋণের শ্রেণীকরণের এ গড় হার: রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহের ১২.৯১%, বেসরকারী বাণিজ্যিক ব্যাংকসমূহের ৪.২২%, বিদেশী বাণিজ্যিক ব্যাংকসমূহের ১.৫২%, এবং বিশেষায়িত ব্যাংকসমূহের ১৮.৪১%।